

ঢাকা ভার্শিটিতে অনার্সে আসন ১৫শ বাড়ানো হবেঃ মাৰ্চে ভর্তি পরীক্ষা

মুজিববা ঞন্দকার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনার্স প্রথম বর্ষ ভর্তি-পরীক্ষা আগামী বছর মাৰ্চে অনুষ্ঠিত হবে। এ সময়সীমা সামনে রেখে পরীক্ষা গ্রহণের প্রকৃতি চলছে।

কর্তৃপক্ষ সূত্রে জানা গেছে জানুয়ারী মাসের প্রথম সপ্তাহ থেকে অনার্স ভর্তি পরীক্ষার ফরম বিতরণ শুরু হবে এবং মাসব্যাপী ফরম বিতরণ ঢাকা বিশ্ববিদ্যালয় এগারো অঞ্চলী, জনতা ও সোনালী ব্যাংকের শাখা থেকে শুরু হবে। এ বছরও প্রতিটি ফরমের মূল্য ১৫০ টাকা নির্ধারণ করা হচ্ছে।

শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের একজন সদস্য জানান, আগামী এক সপ্তাহের মধ্যে এ ব্যাপারে একটি চূড়ান্ত সভা অনুষ্ঠিত হবে এবং এরপর পত্রিকার মাধ্যমে ভর্তি পরীক্ষার ঘোষণা দেয়া হবে। তিনি জানান, গত কয়েক বছর রাজনৈতিক সংকটের কারণে অনার্স ভর্তি পরীক্ষা গ্রহণ করতে বিলম্ব হয়। এর ফলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ক্যালেন্ডার অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগের প্রথম বর্ষের ক্লাস শুরু করা যায়নি। তিনি বলেন (৪-এর পৃঃ ৩-এর কঃ দঃ)

ঢাকা ভার্শিটিতে অনার্সে (প্রথম পৃষ্ঠার পর)

এই দিকটা সামনে রেখে এবার ভর্তি পরীক্ষা দ্রুত গ্রহণ করে যথারীতি জুলাই থেকে ক্লাস শুরু করার ব্যাপারে বর্তপক্ষ সর্কল প্রকৃতি নিচ্ছে।

এদিকে এ বছরই ঢাকা বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ সংখ্যক ছাত্রছাত্রী ভর্তি করা হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ বছর থেকে প্রিলিমিনারী মাস্টার্স বক্সের সিদ্ধান্ত গ্রহণ করে এবং অনার্সে আসন সংখ্যা বৃদ্ধির ঘোষণা দেয়। এ বছর গত বছরের চেয়ে প্রায় দেড় হাজার বেশী আসনে অর্থাৎ ৪ হাজার ৫শ আসনে ছাত্র ভর্তি করবে। গতবার এই সংখ্যা ছিল ৩২শ। তবে বিশ্ববিদ্যালয়ের একটি নির্ভরযোগ্য সূত্র জানান, যেসব বিভাগে ব্যবহারিক কাজকর্ম কিংবা ল্যাবরেটরী ব্যবহার করার প্রয়োজন পড়েনা, তদনামূলকভাবে সেই বিভাগগুলিতে আসন সংখ্যা বেশী করা হবে।

এ বছর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় কিছুটা পরিবর্তন করা হবে। ১৯৯৬ সালের এইচএসসি পরীক্ষায় অধিক ফেলের কারণে এই পরিবর্তন করা হচ্ছে বলে সূত্র জানান। পরিবর্তিত নিয়ম অনুযায়ী এ বছর ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা কিছুটা শিথিল করা হচ্ছে। এর মধ্যে কলা ও সামাজিক অনুষদে এসএসসি ও এইচএসসিতে দ্বিতীয় বিভাগ অথবা যেকোন একটিতে প্রথম বিভাগ হলে আবেদন করা যাবে। এবং ভর্তিচ্ছু বিষয়টিতে ৫০ নম্বর থাকতে হবে। অন্যদিকে বিজনেস স্টাডিজ অনুষদে এসএসসি ও এইচএসসিতে কমপক্ষে ৫০০ নম্বরসহ দ্বিতীয় বিভাগ হতে হবে।

এছাড়া বিজ্ঞান, জীববিজ্ঞান ও ফার্মেসী অনুষদের জন্য দুটি প্রথম বিভাগ বাধ্যতামূলক করা হচ্ছে। গতবার কলা, সামাজিক বিজ্ঞান ও বাণিজ্য বিভাগে কোন তৃতীয় শ্রেণী গ্রহণ করা হয়নি। অন্যদিকে বিজ্ঞান ও জীববিজ্ঞান অনুষদের বিভাগগুলিতে প্রথম বিভাগ ছাড়াও নির্দিষ্ট ৬৫০ নম্বর বাধ্যতামূলক ছিল।

গত বছর ঢাকা বিশ্ববিদ্যালয়ের সর্বমোট ৩৫শ আসনের জন্য আবেদন করেছিল প্রায় ৬০ হাজার ভর্তিচ্ছু ছাত্রছাত্রী।